মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

কার্যালয়ঃ শিক্ষা বোর্ড ভবন-১, পুলহাট, দিনাজপুর।

Web: www.dinajpureducationboard.gov.bd. email: dinajpureducationboard@gmail.com

স্মারক নং .... তারিখ ঃ ....

বিষয়ঃ নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৬(অংশ).১০১৯ তারিখঃ ০১/১১/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন বিয়াম ল্যাবরেটরি স্কুলটিতে ০১/০১/২০১৭ ইং তারিখ হতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করার শর্তে পরবর্তী ০৩ (তিন) বছর সময়ের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল। এই মেয়াদকালে কর্তৃপক্ষের পর্যবেক্ষণে থেকে শিক্ষার প্রত্যাশিত মান অর্জনের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানকে নিম্নে প্রদত্ত শর্ত সমূহ পূরণ করতে হবে।

শর্ত সমূহঃ

(ক) এই প্রাথমিক অনুমতিকে পাঠদানের স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।
(খ) স্বীকৃতি বা নিবন্ধন প্রাপ্তির জন্য প্রতিষ্ঠানকে কমপক্ষে একবার সমাপনী (৮ম শ্রেণি) পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করতে হবে।
(গ) অধ্যয়ণরত শিক্ষার্থীর নূন্যতম ৭৫% কে সমাপনী (৮ম শ্রেণি) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষায় নূন্যতম ৭০% শিক্ষার্থীকে কৃতকার্য হতে হবে
(ঘ) বিদ্যালয়ের শিক্ষক /কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বহন করতে হবে।
(ঙ) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে **NTRCA** আইন ২০০৫ অনুসরণ করতে হবে।
(চ) কর্মরত শিক্ষক- শিক্ষিকাদের পর্যায়ক্রমে বি, এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
(ছ) শিক্ষার মান উন্নয়ন কল্পে শিক্ষকদেরকে কঠোর পরিশ্রম করতে হবে।
(জ) বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধিসহ প্রতি বছর বার্ষিক পরীক্ষার ফলাফল উন্নয়ন করতে হবে।
(ঝ) সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
(ঞ) বিদ্যালয়ের চারিপার্শ্বে বৃক্ষ রোপণ করে উহার পরিচর্যা করতে হবে।
(ট) জাতীয় দিবস সমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ডের আয়োজন করতে হবে।

প্রাপক ঃ
প্রধান শিক্ষক
বিয়াম ল্যাবরেটরি স্কুল
ডাকঘর ঃ গাইবান্ধা, উপজেলা ঃ সদর
জেলা ঃ গাইবান্ধা।

(রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং মাঃউঃশিঃবোঃদিঃ/বিদ্যা/অনু/২০১৭/৫৪৬৭/(৫২) তারিখ ঃ ১৬/১১/১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা- ১২০৫
৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাইবান্ধা।
৭। সিস্টেম এনালিস্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার, রাজশাহী শিক্ষা বোর্ড, রাজশাহী।
৮। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, গাইবান্ধা।
১০। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
১১। অফিস কপি।

16/11/17
(রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
১৬/১১/১৭

"বেশী করে গাছ লাগান পরিবেশকে সমুন্নত রাখুন"